# আমন্ত্রণপত্র




**৪র্থ ন্যাশনাল স্পেস কার্নিভাল ২০১৯** (জাতীয় পর্ব)

২৬ ও ২৭ শে সেপ্টেম্বর, ২০১৯

মূল আয়োজক

সহযোগী আয়োজক

Satyen Bose Science Club
BUET

ভেন্যু সহযোগিতায়

Bangladesh University of Engineering & Technology
(BUET)

............/.........../........................

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

.....................................................

.....................................................

.....................................................

বিষয়ঃ ***৪র্থ ন্যাশনাল স্পেস কার্নিভাল ২০১৯*** *এর জাতীয় পর্বে শিক্ষার্থীদের অংশগ্রহণের দাওয়াত প্রসঙ্গে*

জনাব,

অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, **'ইয়ুথপ্রেনার নেটওয়ার্ক'** - বাংলাদেশের অন্যতম একটি যুব সংগঠন যা গত তিন বছর ধরে সাফল্যের সাথে বাংলাদেশের যুব শিক্ষার্থীদের সহশিক্ষা কার্যক্রম উন্নয়নের মাধ্যমে তাদেরকে ভবিষ্যতের জন্য তৈরি করে আসছে । এসকল কার্যক্রমের ধারাবাহিকতারই একটি অংশ **ন্যাশনাল স্পেস কার্নিভাল** (জাতীয় মহাকাশ উৎসব) যেটি বাংলাদেশের ইতিহাসে সবথেকে বড় মহাকাশ বিষয়ক একটি উৎসব । ২০১৬, ২০১৭ এবং ২০১৮ এর সাফল্যের পর 'ইয়ুথপ্রেনার নেটওয়ার্ক' এবার ৪র্থ বারের মতো আয়োজন করতে যাচ্ছে উৎসবটি । এই উৎসবে বাংলাদেশের প্রতিটি বিভাগ থেকে প্রতিযোগীরা অংশগ্রহণ করবে । পরবর্তীতে এই জাতীয় উৎসব থেকে সেরা ১৫ জন নিয়ে 'বাংলাদেশ স্পেস ক্যাম্প' নামে একটি আবাসিক মহাকাশ বিজ্ঞান বিষয়ক ক্যাম্পের আয়োজন করা হবে যেখানে দেশের স্বনামধন্য জ্যোতির্বিজ্ঞানীগণ প্রশিক্ষণ দেবেন । মূলত স্কুল এবং কলেজের শিক্ষার্থীদের মাঝে মহাকাশ বিজ্ঞান এর ভীতি দূর করার মাধ্যমে জনপ্রিয় করে তোলাই এই উৎসবের লক্ষ্য **।** নির্ধারিত রেজিস্ট্রেশন ফি জমা দিয়ে রেজিস্ট্রেশন ফর্ম পূরণের মাধ্যমে অংশগ্রহণ করতে হবে । উৎসবের বিস্তারিত নিয়ম কানুন ভেতরের পাতায় বর্ণিত আছে ।

জাতীয় পর্বে স্পেস অলিম্পিয়াড ছাড়াও আরও থাকছে স্পেস কুইজ, দেয়াল পত্রিকা, কসমিক সার্চ, টেলিস্কোপ বানানোর কর্মশালা, উপস্থিত বক্তৃতা সহ প্রভৃতি সেগমেন্ট ।

এ বছরের জাতীয় উৎসব অনুষ্ঠিত হবে **'বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)**– এ আসন্ন সেপ্টেম্বর **মাসের ২৬ ও ২৭ তারিখ রোজ বৃহস্পতিবার ও শুক্রবারে।** এই আয়োজনে সর্বাত্মক সহযোগিতা করছে সত্যেন বোস বিজ্ঞান ক্লাব, বুয়েট, **বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)** কর্তৃপক্ষ এবং বাংলাদেশ এস্ট্রোনোমিকাল সোসাইটি কর্তৃপক্ষ ।

উক্ত অনুষ্ঠানে আপনার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সরব উপস্থিতি এবং অংশগ্রহণ কামনা করছি । উক্ত প্রতিযোগিতায় আপনার শিক্ষা প্রতিষ্ঠান থেকে সর্বোচ্চ সংখ্যক প্রতিযোগী প্রেরণের মাধ্যমে উৎসবকে সাফল্যমণ্ডিত করতে এবং শিক্ষার্থীদের মাঝে মহাকাশ বিজ্ঞানকে জনপ্রিয় করে তুলতে আপনি সর্বাত্মক সহযোগিতা করবেন এই প্রত্যাশা জ্ঞাপন করছি । উল্লেখ্য যে, যে প্রতিষ্ঠান বা ক্লাব থেকে সর্বোচ্চ সংখ্যক প্রতিযোগী অংশগ্রহণ করবে সে প্রতিষ্ঠান বা ক্লাব কে বিশেষ সম্মাননা দেয়া হবে । যেহেতু প্রতিযোগিতাটি বৃহস্পতিবার ও শুক্রবারে অনুষ্ঠিত তাই অত্র বৃহস্পতিবার অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের ছুটি মঞ্জুর করার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি ।

ধন্যবাদান্তে,

ড. জীবন পোদ্দার
মডারেটর, সত্যেন বোস বিজ্ঞান ক্লাব, বুয়েট
অধ্যাপক, পদার্থ বিজ্ঞান বিভাগ, বুয়েট

খন্দকার আবদুল্লাহ আল – তাহমীদ
সভাপতি, ইয়ুথপ্রেনার নেটওয়ার্ক

অর্ঘ্য চ্যাটার্জী জনি
হেড অফ স্টেম এডুকেশন
ইয়ুথপ্রেনার নেটওয়ার্ক

# অন্যান্য সহযোগী প্রতিষ্ঠান

- কিআ
- Bangladesh Science Society
- radio today 89.6fm
- BANGLA NEWS 24.com সংবাদ বিনোদন সারাক্ষণ
- YOUTH SHOUT — A PUBLICATION OF The Daily Star
- INNOVATION HUB BANGLADESH
- RED ROCKET
- YSI বাংলা
- কালের কণ্ঠ
- SSA
- daily sun — TRUE & IMPARTIAL
- YSI Bangladesh

## *উৎসবের নাম*

৪র্থ ন্যাশনাল স্পেস কার্নিভাল ২০১৯ (জাতীয় পর্ব)

## *যারা অংশগ্রহণ করতে পারবে*

বাংলাদেশের যে কোন স্কুল ও কলেজের শিক্ষার্থী । পূর্বে যারা অনলাইনে রেজিস্ট্রেশন করেছে তাদের আর নতুন করে রেজিস্ট্রেশন করার প্রয়োজন নেই ।

## *ক্যাটাগরি*

প্রাইমারি ক্যাটাগরি – ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি

জুনিয়র ক্যাটাগরি - ষষ্ঠ শ্রেণি থেকে অষ্টম শ্রেণি

সেকেন্ডারি ক্যাটাগরি – নবম ও দশম শ্রেণি

হায়ার সেকেন্ডারি ক্যাটাগরি – একাদশ ও দ্বাদশ শ্রেণি

## *উৎসবে যা যা থাকছে*

### ১) স্পেস অলিম্পিয়াড

জুনিয়র, সেকেন্ডারি, হায়ার সেকেন্ডারি – এই ৩ ক্যাটাগরির শিক্ষার্থীদের জন্য এই সেগমেন্ট । এই সেগমেন্টটির তিনটি পর্ব । প্রথম পর্ব থিয়োরিটিকাল রাউন্ড, দ্বিতীয় পর্ব ম্যাথমেটিকাল প্রবলেম সল্ভিং রাউন্ড এবং তৃতীয় পর্ব স্টার ম্যাপ এনালাইজিং রাউন্ড । এই তিন পর্ব মিলিয়ে নাম্বারিং করা হবে । প্রতি ক্যাটাগরি থেকে সেরা ৩ জনকে পুরস্কার দেয়া হবে । এছাড়াও প্রতি ক্যাটাগরি থেকে ৭ জন কে **'অনারেবল মেনশন এওয়ার্ড'** দেয়া হবে ।

এছাড়া রয়েছে আরও বিশেষ কিছু সম্মাননা । প্রতি ক্যাটাগরি তে শুধুমাত্র থিয়োরিটিকাল রাউন্ড এ সব থেকে বেশি নাম্বার যে পাবে তাকে **'ড. এ. আর. খান পদক'**, ম্যাথমেটিকাল প্রবলেম সল্ভিং রাউন্ড এ সব থেকে বেশি নাম্বার যে পাবে তাকে **'ড. জামাল নজরুল ইসলাম পদক'** এবং মোহাম্মদ আবদুল জব্বার স্টার ম্যাপ এনালাইজিং রাউন্ড এ সব থেকে বেশি নাম্বার যে পাবে তাকে **'মোহাম্মদ আবদুল জব্বার পদক'** প্রদান করা হবে।

এছাড়াও সকল ক্যাটাগরি থেকে সব থেকে বেশি নাম্বার যে পাবে তাকে **'চ্যাম্পিয়ন অব দ্য চ্যাম্পিয়ন পদক'** দেয়া হবে ।

আর প্রতি ক্যাটাগরি থেকে সেরা ০৫ জন কে বাছাই করা হবে '১ম বাংলাদেশ স্পেস ক্যাম্প ২০১৯' এর জন্য ।

২) চিত্রাঙ্কন

এই সেগমেন্ট এ ৪টি ক্যাটাগরির শিক্ষার্থীরাই অংশ নিতে পারবে । প্রতিযোগিতার দিন ১ ঘণ্টা ৩০ মিনিট সময় দেয়া হবে প্রতিযোগীদের ছবি আঁকার জন্য । ছবি আঁকার বিষয় প্রতিযোগিতার পূর্ব মুহূর্তে বলে দেয়া হবে । তবে মহাকাশ বিষয়ক নানা বিষয়ই দেয়া হবে । প্রতিযোগীদের কাগজ সরবরাহ করা হবে । প্রতিযোগীদের ছবি আঁকার অন্যান্য সরঞ্জাম সঙ্গে আনতে হবে । প্রতি ক্যাটাগরি থেকে সেরা ৩ জন কে পুরস্কার দেয়া হবে ।

৩) দেয়াল পত্রিকা

এই সেগমেন্ট এ ৪টি ক্যাটাগরির শিক্ষার্থীরাই অংশ নিতে পারবে । যে কোন সাইজের দেয়াল পত্রিকা জমা দেয়া যাবে । দেয়াল পত্রিকা মহাকাশ বিষয়ক হতে হবে । প্রতি ক্যাটাগরি থেকে সেরা তিনটি দেয়াল পত্রিকাকে পুরস্কার দেয়া হবে । দেয়াল পত্রিকা তিন সদস্যের দল বিশিষ্ট হতে হবে । প্রতিযোগিতার দিন রিপোর্টিং এর সময় দেয়াল পত্রিকা জমা দিতে হবে । দেয়াল পত্রিকা বিচারকার্যের সময় প্রতিযোগীদের দেয়াল পত্রিকার প্রদর্শনী হলে উপস্থিত থাকতে হবে । প্রদত্ত তথ্য, নতুনত্ব, উপস্থাপন প্রভৃতি বিষয়ের উপর ভিত্তি করে বিচারকার্য করা হবে । টিম এর সকল সদস্য একই শিক্ষা প্রতিষ্ঠান থেকে হতে হবে ।

৪) স্ক্র্যাপ বুক

এই সেগমেন্ট এ ৪টি ক্যাটাগরির শিক্ষার্থীরাই অংশ নিতে পারবে । সর্বোচ্চ ২০ পৃষ্ঠার স্ক্র্যাপ বুক জমা দেয়া যাবে । স্ক্র্যাপ বুক মহাকাশ বিষয়ক হতে হবে । প্রতি ক্যাটাগরি থেকে সেরা স্ক্র্যাপ বুককে পুরস্কার দেয়া হবে । স্ক্র্যাপ বুক তিন সদস্যের দল বিশিষ্ট হতে হবে । প্রতিযোগিতার দিন রিপোর্টিং এর সময় স্ক্র্যাপ বুক জমা দিতে হবে । স্ক্র্যাপ বুক বিচারকার্যের সময় প্রতিযোগীদের দেয়াল পত্রিকার প্রদর্শনী হলে উপস্থিত থাকতে হবে । প্রদত্ত তথ্য, নতুনত্ব, উপস্থাপন প্রভৃতি বিষয়ের উপর ভিত্তি করে বিচারকার্য করা হবে । টিম এর সকল সদস্য একই শিক্ষা প্রতিষ্ঠান থেকে হতে হবে ।

৫) কুইজ

এই সেগমেন্ট এ সেকেন্ডারি ও হায়ার সেকেন্ডারি– এই ২টি ক্যাটাগরির শিক্ষার্থীরা অংশ নিতে পারবে । কুইজ এর বিষয় হবে মহাকাশ বিষয়ক । প্রতিযোগিতা হবে দুই ধাপে । প্রথমে ৩০ মিনিট এর লিখিত পরীক্ষা নেয়া হবে । লিখিত পরীক্ষা থেকে বাছাইকৃত প্রতি ক্যাটাগরি থেকে সেরা ৬টি টিমকে বাছাই করা হবে পরবর্তী স্টেজ রাউন্ড এর জন্য । স্টেজ রাউন্ড এর প্রতি ক্যাটাগরি থেকে সেরা তিনটি টিমকে পুরস্কৃত করা হবে । কুইজ এ অংশ নিতে তিন সদস্যের টিম বানাতে হবে । টিম এর সকল সদস্য একই শিক্ষা প্রতিষ্ঠান থেকে হতে হবে ।

## ৬) উপস্থিত বক্তৃতা

এই সেগমেন্ট এ জুনিয়র, সেকেন্ডারি ও হায়ার সেকেন্ডারি– এই ৩টি ক্যাটাগরির শিক্ষার্থীরা অংশ নিতে পারবে । উপস্থিত বক্তৃতার জন্য প্রত্যেককে ৩ মিনিট করে সময় দেয়া হবে । উপস্থিত বক্তৃতার বিষয় হবে মহাকাশ বিষয়ক । প্রতি ক্যাটাগরি থেকে সেরা তিনজনকে পুরস্কৃত করা হবে ।

## ৭) স্পেস ক্রাফট মডেল মেকিং

এই সেগমেন্ট এ সেকেন্ডারি ও হায়ার সেকেন্ডারি– এই ২টি ক্যাটাগরির শিক্ষার্থীরা অংশ নিতে পারবে । এই প্রতিযোগিতায় অংশ নিতে তিন সদস্যের টিম বানাতে হবে । টিম এর সকল সদস্য একই শিক্ষা প্রতিষ্ঠান থেকে হতে হবে । নিজের কল্পনাশক্তিকে কাজে লাগিয়ে নন-ওয়ার্কিং/ওয়ার্কিং স্পেস ক্রাফট এর মডেল বানিয়ে আনতে হবে । এই মডেল যে কোন ম্যাটেরিয়াল ব্যাবহার করা যাবে এবং যে কোন সাইজের করা যাবে । স্পেস ক্রাফট এর ডিজাইন, উপস্থাপন, পরিকল্পনা, ম্যাটেরিয়াল এর সঠিক ব্যাবহার – এসকল বিষয়ের উপর ভিত্তি করেই বিচারকার্য করা হবে । প্রতি ক্যাটাগরি থেকে সেরা মডেলটি টি নির্বাচন করে পুরস্কৃত করা হবে ।

## ৮) উপস্থিত মহাকাশ বিজ্ঞান বিষয়ক গল্প লিখা

এই সেগমেন্ট এ জুনিয়র, সেকেন্ডারি ও হায়ার সেকেন্ডারি – এই ৩টি ক্যাটাগরির শিক্ষার্থীরা অংশ নিতে পারবে । শিক্ষার্থীদের ৪০ মিনিট সময় দেয়া হবে মহাকাশ বিজ্ঞান বিষয়ক বৈজ্ঞানিক কল্পকাহিনি লিখার জন্য । গল্পের প্লট প্রতিযোগিতার পূর্ব মুহূর্তে বলে দেয়া হবে । গল্প বাংলা এবং ইংরেজি উভয় ভাষাতেই লিখা যাবে । প্রতি ক্যাটাগরি থেকে সেরা ৩জন কে পুরস্কৃত করা হবে । গল্পের জন্য কোন শব্দসীমা নেই । গল্পের মৌলিকতা, তথ্য-উপাত্ত, ভাষার সঠিক ব্যাবহার, নাটকীয়তা প্রভৃতি বিষয়ের উপর ভিত্তি করে বিচারকার্য সম্পন্ন করা হবে । বাংলা অথবা ইংরেজি যে কোন এক ভাষায় গল্প লিখতে হবে । দুই ভাষার সংমিশ্রণ গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না ।

## ৯) পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন

এই সেগমেন্ট এ সেকেন্ডারি ও হায়ার সেকেন্ডারি– এই ২ ক্যাটাগরির শিক্ষার্থীরা অংশ নিতে পারবে । শিক্ষার্থীদের ৩ মিনিট সময় দেয়া হবে । ৩ মিনিটে নিজের প্রেজেন্টেশনটি সকলের সামনে তুলে ধরতে হবে । প্রেজেন্টেশন এর বিষয় পূর্বেই বলে দেয়া হবে । প্রেজেন্টেশন এর পর বিচারকদের সাথে প্রশ্ন-উত্তর পর্ব শুরু হবে । প্রতি ক্যাটাগরি থেকে সেরা ৩ জনকে পুরস্কৃত করা হবে । তথ্য, নতুনত্ব, মৌলিকতা, উপস্থাপন, বাচনভঙ্গি, চিত্র, রেফারেন্স প্রভৃতি বিষয়ের উপর ভিত্তি করে বিচারকার্য করা হবে । প্রেজেন্টেশন বাংলা অথবা ইংরেজি যে কোন একটি ভাষায় দিতে হবে । প্রেজেন্টেশন এ স্লাইড এর সংখ্যা সর্বোচ্চ ১০ টি হতে পারবে ।

## ১০) কসমিক সার্চ

এই সেগমেন্ট এ জুনিয়র, সেকেন্ডারি ও হায়ার সেকেন্ডারি – এই ৩টি ক্যাটাগরির শিক্ষার্থীরা অংশ নিতে পারবে । প্রতি ক্যাটাগরি থেকে সেরা একজনকে পুরস্কার দেয়া হবে । মূলত এটি একটি ট্রেজার হান্ট কম্পিটিশন । স্পেস থিম এর উপর প্রদত্ত ক্লু কে ধরে একটি ধাঁধা সমাধান করতে হবে । প্রতিযোগীদের ক্যাম্পাস এর ম্যাপ সরবরাহ করা হবে । ঐ ম্যাপ ও ক্লু থেকে যে সবার আগে ট্রেজার বের করতে পারবে সেই হবে বিজয়ী ।

## ১১) কসমিক কেস

এটি একটি কেস সল্ভিং কম্পিটিশন । স্পেস সম্পর্কিত নানা সমস্যা কে কেন্দ্র করে প্রশ্নপত্র তৈরি করা হবে । প্রতিযোগীদের সেই সমস্যা গুলো সমাধান করতে হবে বাস্তব ও যুক্তি সম্মত পদ্ধতিতে । এই সেগমেন্ট এ জুনিয়র, সেকেন্ডারি ও হায়ার সেকেন্ডারি – এই ৩টি ক্যাটাগরির শিক্ষার্থীরা অংশ নিতে পারবে । প্রতি ক্যাটাগরি থেকে সেরা তিনজনকে পুরস্কার দেয়া হবে ।

## ১২) টেলিস্কোপ মেকিং ওয়ার্কশপ

নক্ষত্র পরিচিতি অথবা জ্যোতিপদার্থ বিজ্ঞান নিয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হবে । এটি সকলের জন্য উন্মুক্ত ।

## ১৩) স্পেস টক

জ্যোতির্বিদ্যা, জ্যোতিপদার্থবিদ্যা, রকেট বিজ্ঞান, মহাকাশ বিজ্ঞান, আবহাওয়া বিজ্ঞান সহ এই সম্পর্কিত প্রভৃতি বিষয় নিয়ে দেশের বাইরে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে পড়াশোনা সহ এ সকল বিষয়ে ক্যারিয়ার গঠনে যে সকল সুযোগ সুবিধা আছে সেসব নিয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হবে । এটি সকলের জন্য উন্মুক্ত ।

## ১৪) ডকুমেন্টারি শো

মহাকাশ বিজ্ঞান বিষয়ক কিছু ডকুমেন্টারি প্রদর্শনী করা হবে। এটি সকলের জন্য উন্মুক্ত ।

## ১৫) রোভার প্রদর্শনী

অংশগ্রহণকারীদের জন্য একটি বিশেষ প্রদর্শনীর ব্যবস্থা করা হবে । প্রদর্শনীতে একটি রোভার ও তার কার্যপদ্ধতি প্রদর্শন করা হবে । এটি সবার জন্য উন্মুক্ত ।

## ১৬) গেমিং সেশন

অংশগ্রহণকারী এবং দর্শনার্থী সকলের জন্য উন্মুক্ত এই সেশনটি । ভার্চুয়াল রিয়েলিটি এবং অগমেন্টেড রিয়েলিটি ভিত্তিক বিভিন্ন গেমিং সেশন পরিচালনা করা হবে । মহাকাশে এলিয়েন এর সাথে যুদ্ধ, গুপ্তধনের সন্ধান, ফুটবল সহ আরও নানা গেমিং সেশন পরিচালিত হবে । গেমিং সেশনের জন্য পৃথকভাবে ফি দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে । যদিও তা খুবই সামান্য । এছাড়াও সবার জন্য পাবজি গেমিং এর ব্যবস্থা থাকবে । ভেন্যুতে ইন্টারনেট ও ওয়াইফাই এর সুব্যবস্থা থাকবে ।

## ১৭) আলোকচিত্র প্রদর্শনী

মহাকাশ বিজ্ঞানের নানা স্মরণীয় ঘটনা সহ ন্যাশনাল স্পেস কার্নিভাল এর বিগত বছর গুলোর বিভিন্ন আলোকচিত্র প্রদর্শন করা হবে । এটি সকলের জন্য উন্মুক্ত ।

# রেজিস্ট্রেশনের ফি ও নিয়মাবলী

রেজিস্ট্রেশন ফি প্রতি প্রতিযোগী **মাত্র ২০০ টাকা ।** ২০০ টাকা রেজিস্ট্রেশন ফি প্রদানের মাধ্যমে একজন প্রতিযোগী তার ক্যাটাগরি অনুযায়ী গেমিং সেগমেন্ট বাদে সব গুলো সেগমেন্টেই অংশ নিতে পারবে । সেক্ষেত্রে দলভিত্তিক কোন সেগমেন্ট এ অংশ নিতে প্রতি প্রতিযোগী ২০০ করে দলের জন্য মোট ৬০০ টাকা জমা দিতে হবে । কেউ যদি শুধুমাত্র গেমিং সেগমেন্ট এ অংশ নিতে চায় তাহলেও ২০০ করে ফি জমা দিতে হবে । এছাড়াও কেউ যদি গেমিং এবং অন্য সকল সেগমেন্ট এ অংশ নিতে চায় তাহলে একজন প্রতিযোগী কে সর্বমোট ৪০০ টাকা করে দিতে হবে ।

রেজিস্ট্রেশন করা যাবে অনলাইনে এবং অফলাইনে উভয় পদ্ধতিতেই ।

## অনলাইন পদ্ধতিঃ

১) অনলাইনে রেজিস্ট্রেশন করতে প্রথমে এই নাম্বারে রেজিস্ট্রেশন ফি বিকাশ করতে হবে বিকাশ ফি সহ মোট ২০৫ টাকা ।

বিকাশ নাম্বারঃ *+৮৮০১৬২৪৬০৮৮০৯* (পার্সোনাল) ।
বিকাশ করার পর যে নাম্বার থেকে বিকাশ করা হয়েছে সেটি এবং বিকাশ এর ওই লেনদেনের বিকাশ ট্রানজেকশন আইডি-টি সংরক্ষণ করতে হবে অবশ্যই ।

২) এবার এই লিঙ্কে গিয়ে ফর্ম পূরণ করতে হব ।

অনলাইন রেজিস্ট্রেশন ফর্ম লিঙ্কঃ **https://bit.ly/2Gzv1H6**
ফর্ম পূরণের সময় ফর্মে পূর্বে সংরক্ষিত যে নাম্বার থেকে বিকাশ করা হয়েছে সেটি এবং বিকাশ এর ওই লেনদেনের বিকাশ ট্রানজেকশন আইডি-টি দিতে হবে ।
উপরোক্ত নির্দেশনা না মানা হলে রেজিস্ট্রেশন গ্রহণ করা হবে না ।

## অফলাইন পদ্ধতি (১)ঃ

১) সরাসরি আয়োজক কমিটির সাথে যোগাযোগ করে রেজিস্ট্রেশন ফি জমা দিয়ে রেজিস্ট্রেশন ফর্ম সংগ্রহ করে নাম নিবন্ধন করা যাবে ।
২) ফর্ম পূরণের পর সেই ফর্ম যথাযথ ভাবে আয়োজক কমিটির কাছে ফেরত দিতে হবে ।

youthpreneur network

## অফলাইন পদ্ধতি (২)ঃ

১) শিক্ষা প্রতিষ্ঠান একজন শিক্ষককে দায়িত্ব প্রদান করবেন যার কাছে আয়োজক কমিটি রেজিস্ট্রেশন ফর্ম দিয়ে আসবেন । আগ্রহী শিক্ষার্থীরা সেই শিক্ষকের নিকট রেজিস্ট্রেশন ফি জমা দিয়ে ফর্ম সংগ্রহ করে তা পূরণ করে ওই শিক্ষকের নিকট ফেরত প্রদানের মাধ্যমে নাম নিবন্ধন করতে পারবে ।

২) এক্ষেত্রে রেজিস্ট্রেশন ফি ২০০ টাকা মাত্র কারণ বিকাশ পদ্ধতি ব্যবহার করা হবে না বিধায় কোন অতিরিক্ত চার্জ নেয়া হবে না ।

৩) প্রদত্ত রেজিস্ট্রেশন ফর্ম সমাপ্ত হয়ে গেলে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক আয়োজক কমিটির সাথে যোগাযোগ করে নতুন অতিরিক্তি ফর্ম সংগ্রহ করতে পারবেন ।

৪) রেজিস্ট্রেশনের নির্ধারিত সময় শেষে আয়োজক কমিটি উক্ত শিক্ষকের কাছ থেকে রেজিস্ট্রেশন ফি এবং ফর্ম সংগ্রহ করে নিবেন ।

## অফলাইন পদ্ধতি (৩)ঃ

১) বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ইয়ুথপ্রেনার নেটওয়ার্ক এর নিয়োগকৃত ক্যাম্পাস পরিচালক/ক্যাম্পাস প্রতিনিধি আছেন। আগ্রহী শিক্ষার্থীরা নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের ক্যাম্পাস পরিচালক/ক্যাম্পাস প্রতিনিধির নিকট রেজিস্ট্রেশন ফি জমা দিয়ে ফর্ম সংগ্রহ করে তা পূরণ করে ওই ক্যাম্পাস পরিচালক/ক্যাম্পাস প্রতিনিধির নিকট ফেরত প্রদানের মাধ্যমে নাম নিবন্ধন করতে পারবে ।

২) এক্ষেত্রে রেজিস্ট্রেশন ফি ২০০ টাকা মাত্র কারণ বিকাশ পদ্ধতি ব্যবহার করা হবে না বিধায় কোন অতিরিক্ত চার্জ নেয়া হবে না ।

৩) প্রদত্ত রেজিস্ট্রেশন ফর্ম সমাপ্ত হয়ে গেলে দায়িত্বপ্রাপ্ত ক্যাম্পাস পরিচালক/ক্যাম্পাস প্রতিনিধির আয়োজক কমিটির সাথে যোগাযোগ করে নতুন অতিরিক্তি ফর্ম সংগ্রহ করতে পারবেন ।

৪) রেজিস্ট্রেশনের নির্ধারিত সময় শেষে আয়োজক কমিটি উক্ত ক্যাম্পাস পরিচালক/ক্যাম্পাস প্রতিনিধির কাছ থেকে রেজিস্ট্রেশন ফি এবং ফর্ম সংগ্রহ করে নিবেন ।

## অন্যান্য নিয়মাবলীঃ

- প্রতিযোগিতার দিন প্রত্যেক শিক্ষার্থীকে তার স্কুল/কলেজ এর পোশাক পরিধান করে আসতে হবে এবং সাথে পরিচয়পত্র (আইডি কার্ড) সাথে রাখতে হবে ।
- অনুষ্ঠান শুরুর কমপক্ষে এক ঘণ্টা আগে ভেন্যুতে উপস্থিত থাকতে হবে ।
- রেজিস্ট্রেশন ফি ছাড়া কোন রেজিস্ট্রেশন গ্রহণ করা হবে না ।
- পরীক্ষার হলে কোন মোবাইল কিংবা ইলেকট্রিক ডিভাইস ব্যবহার করা যাবে না ।
- ক্যালকুলেটর ব্যবহার করা যাবে ।
- স্পট রেজিস্ট্রেশন এর কোন ব্যবস্থা থাকবেনা । রেজিস্ট্রেশন এর শেষ সময় ২০শে সেপ্টেম্বর, ২০১৯ । এরপর আর কোন রেজিস্ট্রেশন গ্রহণ করা হবে না ।
- রেজিস্ট্রেশন এর সময় শেষ হবার পর সবাইকে ই-মেইলে একটি প্রবেশ পত্র পাঠানো হবে । প্রবেশ পত্রটি প্রিন্ট করে প্রতিযোগিতার দিন সাথে আনতে হবে ।
- রেজিস্ট্রেশন ফি অফেরত যোগ্য ।

**বিশেষ দ্রষ্টব্যঃ** ইয়ুথপ্রেনার নেটওয়ার্ক এই প্রতিযোগিতায় যে কোন পরিবর্তন, সংশোধন, পরিবর্ধন, পরিমার্জন এবং এই প্রতিযোগিতার কল্যাণে যে কোন সিদ্ধান্ত নেয়ার অধিকার রাখে এবং এ ব্যাপারে অন্য কোন প্রতিষ্ঠান এবং ব্যক্তির কাছে কোনরূপেই দায়বদ্ধ নয় ।

**যোগাযোগঃ**

| | |
|---|---|
| **খন্দকার আবদুল্লাহ আল- তাহমীদ**<br>**সভাপতি, ইয়ুথপ্রেনার নেটওয়ার্ক**<br>**মোবাইলঃ +৮৮০১৬২৪৬০৮৮০৯**<br>**ফেসবুক আইডিঃ** https://bit.ly/2K56Mmx<br>**ইমেইলঃ** tahmid_sakif@yahoo.com | **শামস আল ওমর**<br>**জুনিয়র এক্সিকিউটিভ, অপারেশন ডিভিশন ,**<br>**ইয়ুথপ্রেনার নেটওয়ার্ক**<br>**মোবাইলঃ +৮৮০১৯৫০৭৩২৩৫৭**<br>**ফেসবুক আইডিঃ** https://bit.ly/2ymY8ZR<br>**ইমেইলঃ** shamsalomorantor@gmail.com |

**অফিসিয়াল ফেসবুক পেজ লিঙ্কঃ** https://www.facebook.com/YouthpreneurNetwork/

https://www.facebook.com/nsc.ypnetwork/

**অফিসিয়াল ফেসবুক ইভেন্ট পেজ লিঙ্কঃ** https://bit.ly/2YdPdt8

## ৪র্থ ন্যাশনাল স্পেস কার্নিভাল ২০১৯ (জাতীয় পর্ব) - একক সেগমেন্ট এর জন্য

শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ.............................................................................................

ক্লাবের নামঃ .............................................................................................

দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের নামঃ .............................................................................................

দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের যোগাযোগ নাম্বারঃ.............................................................................................

| নাম | সেগমেন্ট | ক্লাস | যোগাযোগ নাম্বার ও ইমেইল |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

** প্রয়োজনে এই ফর্ম ফটোকপি করে মূল কপির সাথে সংযুক্ত করে দেয়া যাবে

## ৪র্থ ন্যাশনাল স্পেস কার্নিভাল ২০১৯ (জাতীয় পর্ব) - একক সেগমেন্ট এর জন্য

শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ...........................................................................................

ক্লাবের নামঃ ....................................................................................................

দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের নামঃ ...................................................................................

দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের যোগাযোগ নাম্বারঃ.......................................................................

| নাম | সেগমেন্ট | ক্লাস | যোগাযোগ নাম্বার ও ইমেইল |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

** প্রয়োজনে এই ফর্ম ফটোকপি করে মূল কপির সাথে সংযুক্ত করে দেয়া যাবে

# ৪র্থ ন্যাশনাল স্পেস কার্নিভাল ২০১৯ (জাতীয় পর্ব) - একক সেগমেন্ট এর জন্য

শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ.................................................................................................

ক্লাবের নামঃ ..................................................................................................................

দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের নামঃ ........................................................................................

দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের যোগাযোগ নাম্বারঃ...........................................................................

| নাম | সেগমেন্ট | ক্লাস | যোগাযোগ নাম্বার ও ইমেইল |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

** প্রয়োজনে এই ফর্ম ফটোকপি করে মূল কপির সাথে সংযুক্ত করে দেয়া যাবে

## ৪র্থ ন্যাশনাল স্পেস কার্নিভাল ২০১৯ (জাতীয় পর্ব) – দলীয়/গ্রুপ সেগমেন্ট এর জন্য

শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ............................................................................................................

ক্লাবের নামঃ ..........................................................................................................................

দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের নামঃ ......................................................................................................

দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের যোগাযোগ নাম্বারঃ.................................................................................

| নাম | সেগমেন্ট | ক্লাস | যোগাযোগ নাম্বার ও ইমেইল |
|---|---|---|---|
| ১.<br>২.<br>৩. | | | |
| ১.<br>২.<br>৩. | | | |
| ১.<br>২.<br>৩. | | | |
| ১.<br>২.<br>৩. | | | |

** প্রয়োজনে এই ফর্ম ফটোকপি করে মূল কপির সাথে সংযুক্ত করে দেয়া যাবে

## ৪র্থ ন্যাশনাল স্পেস কার্নিভাল ২০১৯ (জাতীয় পর্ব) – দলীয়/গ্রুপ সেগমেন্ট এর জন্য

শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ...................................................................................................

ক্লাবের নামঃ .....................................................................................................................

দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের নামঃ ..........................................................................................

দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের যোগাযোগ নাম্বারঃ.......................................................................

| নাম | সেগমেন্ট | ক্লাস | যোগাযোগ নাম্বার ও ইমেইল |
|---|---|---|---|
| ১.<br>২.<br>৩. | | | |
| ১.<br>২.<br>৩. | | | |
| ১.<br>২.<br>৩. | | | |
| ১.<br>২.<br>৩. | | | |

** প্রয়োজনে এই ফর্ম ফটোকপি করে মূল কপির সাথে সংযুক্ত করে দেয়া যাবে

youthpreneur network

# ৪র্থ ন্যাশনাল স্পেস কার্নিভাল ২০১৯ (জাতীয় পর্ব) – দলীয়/গ্রুপ সেগমেন্ট এর জন্য

শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ.............................................................................................

ক্লাবের নামঃ ..........................................................................................................

দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের নামঃ ..................................................................................

দায়িত্ব প্রাপ্ত শিক্ষকের যোগাযোগ নাম্বারঃ.....................................................................

| নাম | সেগমেন্ট | ক্লাস | যোগাযোগ নাম্বার ও ইমেইল |
|---|---|---|---|
| ১.<br>২.<br>৩. | | | |
| ১.<br>২.<br>৩. | | | |
| ১.<br>২.<br>৩. | | | |
| ১.<br>২.<br>৩. | | | |

** প্রয়োজনে এই ফর্ম ফটোকপি করে মূল কপির সাথে সংযুক্ত করে দেয়া যাবে